নওয়াপাড়া পাবলিক লাইব্রেরীর পরিচালনা
২।২৫ সভার কার্যবিবরণী
স্থান: নওয়াপাড়া ইনস্টিটিউট কার্যালয়
তারিখ: ০৩।০৪।২৫ বৃহস্পতিবার
সময়: বিকাল – ৫-০০ মিনিট।

সভায় উপস্থিত সম্মানিত কর্মকর্তা ও সদস্যের নাম ও স্বাক্ষর

| | |
|---|---|
| ১। শ্রী বিবেকানন্দ মন্ডল | সম্পাদক বিবেকানন্দ মন্ডল |
| ২। মো. ফারুক হোসেন | সভাপতি ফারুক হোসেন |
| ৩। প্রিয়ব্রত লিটন | প্রিয়ব্রত ঘোষ লিটন |
| ৪। আরাফাতুর রহমান | Arafat.. |
| ৫। তৌহিদুর রহমান লিপটন | তৌহিদুর রহমান |
| ৬। প্রশান্ত কুমার বিশ্বাস | |
| ৭। আব্দুর রহমান সাজু | আ: রহমান সাজু |

নওয়াপাড়া ইনস্টিটিউট পাঠাগার বিভাগ পরিচালিত নওয়াপাড়া পাবলিক লাইব্রেরীর পরিচালনা পরিষদের সম্মানিত সভাপতি জনাব মো. ফারুক হোসেনের সভাপতিত্বে অদ্যকার সভার কার্য আরম্ভ হল।

০১) সভায় ১নং আলোচ্য সূচীর আলোচনায় বই পড়া প্রতিযোগিতার আয়োজন সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে সভার সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বৈশাখী মেলার ৫ম দিন অর্থাৎ ১৮।৪।২৫ তারিখ শুক্রবার আয়োজন করা হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হল।

০২) ২নং আলোচ্য সূচীর আলোচনায় নওয়াপাড়া পাবলিক লাইব্রেরীর পাঠকক্ষে ১টি শিশু কর্নার স্থাপনের ব্যাপারে সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হল।

বিবিধ আলোচ্য সূচীর আলোকে সম্মানিত সদস্য জনাব আ: রহমান সাজু বলেন যে, পাঠাগারের পাঠক সংখ্যা বৃদ্ধির ব্যাপারে বিশেষ পদক্ষেপ নেওয়া দরকার। এ ব্যাপারে বই পাঠের প্রতিযোগিতার উপর সবাই একাত্মতা প্রকাশ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভার সম্মানিত সভাপতি জনাব মো. ফারুক হোসেন সভার উপস্থিত সকল সদস্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফারুক হোসেন ৩।৪।২৫
সভাপতি
নওয়াপাড়া পাবলিক লাইব্রেরী
নওয়াপাড়া, যশোর।